সংবাদ।

72

তারিখ ৮।২।৮২
পৃষ্ঠা ... কলাম ...

# প্রস্তাবিত বগুড়া মেডিক্যাল কলেজ এখন ইরি ক্ষেত

বগুড়া, ৩০শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—রাষ্ট্রপতির উদ্বোধন, স্বাস্থ্য মন্ত্রীর অঙ্গীকার, রেলমন্ত্রীর আশ্বাস, ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি প্রভৃতি নানা প্রক্রিয়ার পরও বগুড়া মেডিক্যাল কলেজ আজও চালু হলো না। বগুড়াবাসীর দীর্ঘকালের দাবীর পরিপ্রেক্ষিতে ১৯৭৮ সালে এই প্রকল্পটি হাতে নিয়ে ১৯৮০ সালে রাষ্ট্রপতি জিয়াউর রহমান উদ্বোধন করেন, তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী উদ্বোধনের দিন ঘোষণা করেন, ১৯৮১ সালেই বগুড়া মেডিক্যাল কলেজ চালু হবে, কিন্তু তা না হওয়ায় সাবেকমন্ত্রী ১৯৮২ সালে হবে বলে দৃঢ় মত ব্যক্ত করেন। সেইমতে একজন অধ্যক্ষও আসেন ৫০ জন ছাত্র ভর্তির কথাও বলা হয়। কিন্তু ঘটনাটি ঐ পর্যন্তই শেষ। অধ্যক্ষ সাহেব যোগদান করেই রাজধানী চলে গেছেন। ছাত্রভর্তির কথাও নাকি সত্য নয়। এদিকে প্রস্তাবিত মেডিক্যাল কলেজ ময়দানে ইরিধানের চাষ শুরু হয়েছে। ৩২ একর জমির উপর, মেডিক্যাল কলেজ প্রায় ৭৮ লাখ টাকা খেসারত দেবার পর পুনরায় ইরির ক্ষেতে পরিণত হওয়ায় বগুড়াবাসীর মনে প্রস্তাবিত জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ সম্পর্কে প্রশ্ন জেগেছে।